

অটোমোবাইল ক্ষেত্রের উৎপাদন ও বিক্রয়

নয়াদিল্লি, ১৪ মার্চ, ২০১৭

বিগত কয়েক বছরে যানবাহনের বেশীভাগ ক্ষেত্রেই উৎপাদন ও বিক্রয়ের বৃদ্ধি ঘটেছে বলে জানাচ্ছে সোসাইটি অফ ইন্ডিয়ান অটোমোবাইল অ্যাসোসিয়েশন। চলতি অর্থবর্ষের জানুয়ারী মাস অবধি প্রাপ্ত তথ্য অনুযায়ী অটোমোবাইলের উৎপাদনের ক্ষেত্রে ৬.০৫ শতাংশ এবং বিক্রয় ৮ শতাংশ বৃদ্ধি হয়েছে। ২০১৫-১৬ অর্থবর্ষে এই ক্ষেত্রে উৎপাদন ও বিক্রয়ের হার যথাক্রমে ২.৫৮ ও ৩.৭৮ শতাংশ ছিল। তবে, ২০১৫-১৬-তে অটোমোবাইলের রপ্তানি ০.৫ শতাংশ হ্রাস পেয়েছিল, অন্যদিকে আমদানি ০.৯ শতাংশ বৃদ্ধি পেয়েছিল। ২০১৫-১৬ অটোমোবাইল যন্ত্রাংশের রপ্তানি ৩.৫ শতাংশ ও আমদানি ৯.৩ শতাংশ বৃদ্ধি হয়েছিল। অটোমোবাইল ক্ষেত্রে বিমুদ্রাকরণের প্রভাব সন্মুখে ভারী শিল্প দপ্তর কোন গবেষণা করেনি।

ভারত সরকার অটোমোবাইল শিল্পের বিকাশের জন্য একত্রে বহু উদ্যোগে কাজ করছে। অটোমোবাইল শিল্পকে অর্থনীতির একটি সূর্যোদয় ক্ষেত্র হিসেবে সরকার নীতিগতভাবে এই শিল্পের সঙ্গে জড়িত বিশ্বস্তরের প্রত্যেকটি সংস্থাকে বাণিজ্যভিত্তিক পদ্ধতির পরিবর্তে লগ্নীভিত্তিক পদ্ধতির মাধ্যমে বাণিজ্যের সুযোগ করে দেওয়ার পক্ষে রয়েছে। এই বিশেষ শিল্প ক্ষেত্রটির বিকাশের জন্য সরকার অটোমোবাইল নীতি ২০০২, অটোমোটিভ অভিযান পরিকল্পনা ২০০৫-১৬ এবং ২০১৬-২৬ গ্রহণ করেছে। হাইব্রিড ও ইলেক্ট্রিক যান ব্যবহারে দ্রুত অভ্যস্ত হওয়া ও এই ধরনের যানবাহন উৎপাদনের ক্ষেত্রে উৎসাহ যোগাতে সরকার একটি নতুন প্রকল্পের সূচনা করেছে। এরফলে পরিবেশ বান্ধব যানবাহনের বাজার দখল করতে সুবিধা হবে। তাছাড়া অটোমোবাইলকে একটি সেরা ক্ষেত্র হিসেবে চিহ্নিত করা হয়েছে, সেইজন্য এই ক্ষেত্রের কিছু বিশেষ বিষয় যেমন উৎসাহ ভাতা প্রদান, নগদ প্রাপ্তির সুযোগ, কম দামে বিদ্যুৎ সংযোগ, পরিকাঠামো, গবেষণার কাজ, প্রযুক্তিগত সংযোগ স্থাপন ও বিকাশের বিষয়ে সরকার প্রয়াস গ্রহণ করছে। যানবাহন রপ্তানিতে উৎপাদকরা ২ শতাংশ উৎসাহ ভাতা প্রাপ্তিরও সুযোগ পেয়ে থাকে। আজ লোকসভায় লিখিতভাবে এই তথ্য জানান ভারী শিল্প ও সরকারী উদ্যোগ প্রতিমন্ত্রী শ্রী বাবুল সুপ্রিয়।